অবিলম্বে প্রকাশের জন্য: 12/29/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্টেট ব্যাপী নিরাপদ সাঁতার সুবিধা সম্প্রসারণে NY SWIMS-এর দ্বিতীয় রাউন্ডের মাধ্যমে 67 মিলিয়নেরও বেশি মার্কিন ডলার প্রদান করার ঘোষণা করেছেন

NY SWIMS তহবিলের দুই দফার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট জুড়ে নিরাপদ সাঁতার সুবিধা সম্প্রসারণে 57টি প্রকল্পে মোট 200 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে

মিউনিসিপ্যাল ও অলাভজনক সংস্থার জলক্রীড়া সুবিধার উন্নয়নকে সহায়তা করে; পুরস্কারপ্রাপ্তদের সম্পূর্ণ তালিকা এখানে দেখুন

পরিবারগুলোকে সক্রিয় রাখতে এবং খোলা পরিবেশে সময় কাটাতে উৎসাহিত করার লক্ষ্যে গভর্নর হোকল-এর ‘আনপ্লাগ এন্ড প্লে’ উদ্যোগের অংশ

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন, নিউ ইয়র্ক স্টেটওয়াইড ইনভেস্টমেন্ট ইন মোর সুইমিং (NY SWIMS) উদ্যোগের দ্বিতীয় দফার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট ব্যাপী 21টি প্রকল্পে অর্থায়নের জন্য 67 মিলিয়নেরও বেশি মার্কিন ডলার মূলধনী অনুদান প্রদান করা হয়েছে। ডরমিটরি অথরিটি অফ দ্য স্টেট অফ নিউ ইয়র্ক (DASNY) দ্বারা পরিচালিত এবং নিউ ইয়র্ক স্টেট অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন-এর তত্ত্বাবধানে থাকা NY SWIMS প্রতিযোগিতামূলক ম্যাচিং অনুদান প্রদান করে, যা কমিউনিটিগুলোকে সাঁতার সুবিধা নির্মাণ ও উন্নয়নে সহায়তা করে এবং আরো বেশি নিউ ইয়র্কবাসীকে নিরাপদ ও আধুনিক সাঁতারের স্থান ব্যবহার করার সুযোগ দেয়। NY SWIMS কর্মসূচির দুই দফার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট 57টি প্রকল্পকে সমর্থন দিতে মোট 200 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে।

“NY SWIMS ইতোমধ্যেই দেখিয়েছে যে নিরাপদ সাঁতার সুবিধা পরিবার ও নেইবারহুডগুলোর জন্য কতটা পরিবর্তনমুলক হতে পারে,” **গভর্নর Hochul (হোকল) বলেন।** “এই পরবর্তী দফার পুরস্কারগুলো সেই অগ্রগতিকে এগিয়ে নিচ্ছে কারণ এর মাধ্যমে আরো বেশি কমিউনিটিকে স্বাস্থ্য, নিরাপত্তা এবং সারা বছরব্যাপী বিনোদনকে সমর্থন করে এমন সুইমিং পুল ও জলক্রীড়া স্থান নির্মাণ ও উন্নয়নের জন্য প্রয়োজনীয় সম্পদ প্রদান করা হচ্ছে। আনপ্লাগ এন্ড প্লে-এর মাধ্যমে আমরা নিউ ইয়র্কবাসীদের খোলা পরিবেশ উপভোগ করা, সক্রিয় থাকা এবং একত্রিত হওয়ার সুযোগ সৃষ্টি করছি।”

দীর্ঘদিন ধরে যেখানে বিকল্প সীমিত ছিল, সেইসব এলাকায় নিরাপদ ও নির্ভরযোগ্য জনসাধারণের সাঁতার সুবিধার প্রবেশাধিকার সম্প্রসারণের জন্য অবহেলিত কমিউনিটিগুলোকে 34

মিলিয়নেরও বেশি মার্কিন ডলার প্রদান করা হয়েছে। এই প্রকল্পগুলো বিনোদন অবকাঠামোর দীর্ঘদিনের ঘাটতি মোকাবিলায় সহায়তা করবে এবং পানিতে নিরাপত্তা শিক্ষা, যুব কর্মসূচি ও উষ্ণ আবহাওয়ায় খোলা পরিবেশে কার্যক্রমের সুযোগ বৃদ্ধি করবে।

NY SWIMS তহবিলের দ্বিতীয় দফায় নির্বাচিত 21টি প্রকল্পের মধ্যে 13টি মিউনিসিপ্যাল আবেদনকারী এবং আটটি অলাভজনক সংস্থা অন্তর্ভুক্ত রয়েছে; যা মোট 87 মিলিয়নেরও বেশি মার্কিন ডলারের নির্মাণ বিনিয়োগের প্রতিনিধিত্ব করে এবং প্রায় 25 মিলিয়ন মার্কিন ডলারের স্থানীয় ও দাতব্য অবদানকে কাজে লাগাচ্ছে। সমষ্টিগতভাবে, এই পুরস্কারগুলো আটটি অর্থনৈতিক উন্নয়ন অঞ্চল জুড়ে বিস্তৃত এবং কমিউনিটিগুলোকে বিনোদন সম্পদ শক্তিশালী করা, পানির নিরাপত্তা উন্নত করা এবং পরিবারগুলোকে সক্রিয় থাকার আরো বেশি সুযোগ সৃষ্টি করতে সহায়তা করবে।

NY SWIMS এমন প্রকল্পকে সমর্থন করে যা সাঁতার সুবিধাগুলোকে আধুনিকায়ন বা নতুন করে নির্মাণ করে; এর মধ্যে রয়েছে সুইমিং পুল, প্রাকৃতিক সাঁতারের এলাকা, বাথহাউস, যান্ত্রিক ব্যবস্থা, ছায়া কাঠামো, আলোকসজ্জা এবং প্রবেশযোগ্যতা উন্নয়ন। আবেদনগুলো কমিউনিটির প্রয়োজন, জনস্বার্থে উপকার, পরিকল্পনা এবং বাস্তবায়নের প্রস্তুতির ভিত্তিতে মূল্যায়ন করা হয়েছে।

এই প্রোগ্রামটি গভর্নর Hochul (হোকল)-এর বিস্তৃত আপপ্লাগ এন্ড প্লে উদ্যোগকেও এগিয়ে নিয়ে যাচ্ছে, যা বিনোদন অবকাঠামোতে বিনিয়োগ করে এবং পরিবারগুলোকে আরো বেশি সময় সক্রিয় ও খোলা পরিবেশে কাটাতে উৎসাহিত করে। এই উন্নয়নগুলো প্রচন্ড গরমের সময় কমিউনিটিগুলোকে স্বস্তি পেতে সহায়তা করবে, সাঁতার শেখানোর সুযোগ সম্প্রসারণ করবে এবং সারা বছরব্যাপী ও মৌসুমি কর্মসূচির জন্য স্বাগতপূর্ণ স্থান প্রদান করবে।

রিজিওনাল হাইলাইট
পুরস্কারপ্রাপ্তদের একটি সম্পূর্ণ তালিকা dasny.org/swimsround2 ঠিকানায় পাওয়া যাবে। উল্লেখযোগ্য দিকগুলো হলো:

ক্যাপিটাল রিজিয়ন – 15 মিলিয়নেরও বেশি মার্কিন ডলার

- **স্কেনেক্টাডি সিটি – 8.08 মিলিয়ন মার্কিন ডলার**: একটি নতুন পুল কমপ্লেক্স নির্মাণ, যার মধ্যে রয়েছে কার্যক্রম এলাকার সঙ্গে একটি ল্যাপ পুল, জিরো-এন্ট্রি অংশ, অগভীর পানির বিভিন্ন সুবিধা এবং একটি নতুন বাথহাউস।
- **ওয়াটারভ্লিয়েট সিটি – 7.4 মিলিয়ন মার্কিন ডলার**: টাউন পার্কে বিদ্যমান পুল ও বাথহাউসের পরিবর্তে একটি আধুনিক সুবিধা নির্মাণ।

সেন্ট্রাল নিউ ইয়র্ক – 7 মিলিয়নেরও বেশি মার্কিন ডলার

- **কর্টল্যান্ড সিটি – 3.8 মিলিয়ন মার্কিন ডলার**: ইয়ামান পার্কের সাঁতার সুবিধার সংস্কার, যার মধ্যে রয়েছে ADA-অনুগত বাথহাউস, তীররেখা পুনরুদ্ধার, উন্নত সৈকত প্রবেশাধিকার এবং নতুন ছায়া কাঠামো।

- **YMCA ফাল্টন – 2.4 মিলিয়ন মার্কিন ডলার**: থেরাপিউটিক পুল, স্টিম রুম, সনা এবং লকার রুম সুবিধার সংস্কার।

ফিঙ্গার লেকস – 3.2 মিলিয়ন মার্কিন ডলার

- **রচেস্টার সিটি – 2.4 মিলিয়ন মার্কিন ডলার**: ট্রেন্টন ও পামেলা জ্যাকসন আর-সেন্টার পুলের উন্নয়ন, যার মধ্যে রয়েছে নতুন আলোকসজ্জা, পুনর্নির্মিত পুল ডেক, HVAC আপগ্রেড এবং ADA-অনুগত সুবিধা।
- **অন্টারিও কাউন্টির কর্নেল কোঅপারেটিভ এক্সটেনশন – 800,000 মার্কিন ডলার**: ইউনিসেক্স রেস্টরুম, আউটডোর শাওয়ার এবং একটি ছায়া প্যাভিলিয়নসহ একটি নতুন আউটডোর পুল ও পুল হাউস নির্মাণ।

লং আইল্যান্ড – 427,000-এরও বেশি মার্কিন ডলার

- **সিড জ্যাকবসন জিউইশ কমিউনিটি সেন্টার – 427,358 মার্কিন ডলার**: পুলের HVAC সিস্টেম আপগ্রেড, পুলের পৃষ্ঠ পুনরায় ফিনিশিং, ADA লিফটের উন্নয়ন এবং আধুনিকায়িত UV ও রাসায়নিক ট্রিটমেন্ট সিস্টেম।

মিড-হাডসন – 17 মিলিয়নেরও বেশি মার্কিন ডলার

- **কিরিয়াস জোয়েল ভিলেজ – 6.5 মিলিয়ন মার্কিন ডলার**: কিন্ডার পার্কে একটি নতুন ইনডোর ও আউটডোর জলক্রীড়া কমপ্লেক্স নির্মাণ।
- **করনওয়াল টাউন – 5.58 মিলিয়ন মার্কিন ডলার**: বিদ্যমান পুলের পরিবর্তে একটি বৃহত্তর ও আধুনিক সুবিধা এবং একটি নতুন বাথহাউস নির্মাণ।

মোহক ভ্যালি – 2.6 মিলিয়ন মার্কিন ডলার

- **শেরিল সিটি – 2.6 মিলিয়ন মার্কিন ডলার**: আল গ্লোভার পুলের পুনর্নির্মাণ, যার মধ্যে রয়েছে একটি নতুন জিরো-এন্ট্রি পুল, স্প্ল্যাশ প্যাড এবং সংস্কারকৃত পুল হাউস।

নিউ ইয়র্ক সিটি – 5 মিলিয়ন মার্কিন ডলার

- **NYC ডিপার্টমেন্ট অফ পার্কস অ্যান্ড রিক্রিয়েশন – 5 মিলিয়ন মার্কিন ডলার**: ব্রঙ্কসে অবস্থিত হ্যাফেন পার্ক পুল কমপ্লেক্সের পুনর্নির্মাণ, যার মধ্যে রয়েছে উন্নত প্রবেশযোগ্য প্রবেশপথ, পুল ডেকের সংস্কার এবং পুল হাউসের বিভিন্ন আপগ্রেড।

সাউদার্ন টিয়ার – 10 মিলিয়নেরও বেশি মার্কিন ডলার

- **YMCA ইথাকা অ্যান্ড টম্পকিনস কাউন্টি – 6.26 মিলিয়ন মার্কিন ডলার**: একাধিক পুলের পুনর্নির্মাণ, লকার রুমের উন্নয়ন এবং একটি হাইড্রোথেরাপি স্পা সংযোজন।
- **হর্সহেডস ভিলেজ – 4 মিলিয়ন মার্কিন ডলার**: থর্ন স্ট্রিট পার্কের পুলের পরিবর্তে নতুন পুল স্থাপন এবং পুল হাউসের সংস্কার।

NY SWIMS উদ্যোগটি পৌরসভা ও অলাভজনক সংস্থাগুলোকে জলক্রীড়া অবকাঠামো আধুনিকায়নে সহায়তা করার জন্য 250,000 থেকে 10 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত ম্যাচিং মূলধনী অনুদান প্রদান করে। প্রকল্পগুলোকে সাইটের নিয়ন্ত্রণ, ম্যাচিং তহবিল এবং নিরাপদ সাঁতারের জন্য জনসাধারণের প্রবেশাধিকার সম্প্রসারণের পরিকল্পনা প্রদর্শন করতে হবে।

DASNY-এর প্রেসিডেন্ট ও CEO Robert J. Rodriguez (রবার্ট জে. রড্রিগেজ) বলেন, "NY SWIMS পুরস্কারের এই দ্বিতীয় দফা দেখাচ্ছে যে নিউ ইয়র্ক জুড়ে কমিউনিটিগুলো সুপরিকল্পিত প্রকল্প নিয়ে এগিয়ে আসছে, যা পরিবারগুলোর জন্য বাস্তব ও অর্থবহ পরিবর্তন আনবে। DASNY এই কর্মসূচি পরিচালনা করতে পেরে গর্বিত এবং মিউনিসিপ্যাল ও অলাভজনক সংস্থাগুলো তাদের ভাবনা থেকে বাস্তব নির্মাণে অগ্রসর হওয়ার পথে সহায়তা দিতে প্রতিশ্রুতিবদ্ধ। এই বিনিয়োগগুলো সাঁতার ও বিনোদনের জন্য নিরাপদ পরিবেশ সৃষ্টি করবে এবং একই সঙ্গে আরো স্বাস্থ্যকর ও পারস্পরিকভাবে সংযুক্ত কমিউনিটি গড়ে তুলতে সহায়তা করবে।"

নিউ ইয়র্ক স্টেট পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন-এর ভারপ্রাপ্ত কমিশনার Kathy Moser (ক্যাথি মোজার) বলেন, "গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে NY SWIMS কর্মসূচি স্টেট ব্যাপী পুল ও সাঁতার সুবিধা নির্মাণ ও সংস্কার করতে মিলিয়ন মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করছে। এই চলমান উদ্যোগটি নিউ ইয়র্কবাসীদের সাঁতার শেখা এবং পানির ভেতরে ও আশপাশে নিরাপদ থাকতে সহায়তা করছে। সাঁতার 'গেট অফলাইন, গেট আউটসাইড'-এর লক্ষ্যকে সমর্থন করে এবং এই পরবর্তী দফার অনুদানগুলো গুরুত্বপূর্ণ কমিউনিটি সম্পদ পুনরুদ্ধার করবে, পাশাপাশি সব বয়সের নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপদ ও সাশ্রয়ী সাঁতার সুযোগের প্রবেশাধিকার সম্প্রসারণ করবে।"

স্টেট সেনেটর Jose Serrano (হোসে সেরানো) বলেন, "নিউ ইয়র্ক স্টেটওয়াইড ইনভেস্টমেন্ট ইন মোর সুইমিং (NY SWIMS) উদ্যোগটি স্টেটব্যাপী নিরাপদ সাঁতার সুবিধার প্রবেশাধিকার সম্প্রসারণে পৌরসভা ও অলাভজনক সংস্থাগুলোর জন্য একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ। সেনেট কমিটি অন কালচারাল অ্যাফেয়ার্স, ট্যুরিজম, পার্কস অ্যান্ড রিক্রিয়েশন-এর চেয়ার হিসেবে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি যে NY SWIMS নিউ ইয়র্কবাসীদের জন্য নিরাপদ ও আধুনিক সাঁতারের স্থান নিশ্চিত করতে সাঁতার সুবিধা নির্মাণ ও উন্নয়ন করবে। এই গুরুত্বপূর্ণ উদ্যোগটি বজায় রাখা ও সম্প্রসারণে কাজ করার জন্য গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এবং সরকারে আমার সহকর্মীদের প্রতি আন্তরিক ধন্যবাদ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন